ছাত্র ইউনিয়নের পাঁচ নেতাকে হত্যার হুমকি দিয়ে চিঠি

বাংলাদেশ ছাত্র ইউনিয়নের বিভিন্ন শাখার পাঁচ শীর্ষ নেতাকে হত্যার হুমকি দিয়ে একটি চিঠি পাঠানো হয়েছে। শুক্রবার ছাত্র ইউনিয়ন ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার দপ্তর সম্পাদক অপূর্ব রায়ের পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

হুমকি পেয়েছেন ছাত্র ইউনিয়নের কেন্দ্রীয় সভাপতি মেহদী হাসান নোবেল, ঢাকা বিশ্ববিদ্যালয় সংসদের সভাপতি ফয়েজ উল্লাহ, ঢাকা মহানগর সংসদের সভাপতি জহরলাল রায়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সংসদের সভাপতি নজির আমিন চৌধুরী জয় এবং ঢাকা জেলা সংসদের সভাপতি আরিফুল ইসলাম সাব্বির।

বিজ্ঞপ্তিতে জানানো হয়, ওই চিঠিতে নেতাদের অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয় ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ছাড়তে বলা হয়েছে, অন্যথায় তাদের হত্যা করা হবে।

এ ঘটনার নিন্দা জানিয়ে হুমকিদাতাদের খুঁজে বের করে আইনের আওতায় আনার দাবি জানানো হয়। একইসঙ্গে নেতাদের নিরাপত্তা নিশ্চিত করারও দাবি জানিয়েছে সংগঠনটি।

সংগঠনটির ঢাবি শাখার সভাপতি ফয়েজ উল্লাহ বলেন, ভোলার চরফ্যাসন উপজেলার একটি ডাকঘর থেকে আবদুল হালিম নামের একজন ওই চিঠি তাদের সংগঠনের অফিসের ঠিকানায় পাঠিয়েছে। এটি বৃহস্পতিবার এসেছিল, কিন্তু শুক্রবার তারা দেখেছেন। এ ঘটনায় ছাত্র ইউনিয়নের থানায় একটি জিডি করবেন তারা।